ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১৫৭৭

আগরতলা, ৫ জুলাই, ২০২৫

**সরকার রাজ্যে নিম্ন আয়ের মানুষের হাতে সহজলভ্যভাবে সরকারি ফ্ল্যাট তুলে দিতে চায় ঃ মুখ্যমন্ত্রী**

সরকারিভাবে নির্মিত ফ্ল্যাটগুলির কাজ মানুষের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে নির্মাণ করতে হবে। বর্তমান সরকার রাজ্যে নিম্ন আয়ের মানুষের হাতে সহজলভ্যভাবে সরকারি ফ্ল্যাট তুলে দিতে চায়। সেক্ষেত্রে ফ্ল্যাট নির্মাণে কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে সর্বাপেক্ষা গুরুত্ব দিতে হবে। আজ সচিবালয়ের কনফারেন্স হলে ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের ১০৭তম বোর্ড মিটিং-এ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। সভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের বিভিন্ন প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে সময়ের মধ্যে শেষ করার প্রতি জোর দেন।

সভায় মুখ্যমন্ত্রী আগরতলা গান্ধীঘাটে নির্মাণাধীন ট্যুরিজম এন্ড কালচারেল হাবের কাজের বিস্তারিত খোঁজ খবর নেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী এই সম্পর্কে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন স্থানে নির্মিত একলব্য বিদ্যালয়ের কাজ, মির্জায় ইকো পার্ক, উদয়পুরের গ্র্যান্ড স্ট্যান্ড, অম্পিতে ১০০ শয্যাবিশিষ্ট গালর্স হোস্টেল, আমবাসায় যুব আবাস-এর কাজ সম্পর্কে অবহিত হন। আমতলির বাইপাস সংলগ্ন স্থানে প্রস্তাবিত আগরতলার কনভেনশন সেন্টার সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর নেন। আগরতলা শহর বা এর পার্শ্ববর্তী জায়গায় সরকারিভাবে বিভিন্ন বিল্ডিং নির্মাণের ক্ষেত্রে সঠিক ইনফ্রাস্ট্রাকচার বজায় রাখার প্রতি গুরুত্বারোপ করেন। সভায় পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের ২০২৪-২৫ ও ২০২৫-২৬ সালের বাজেট নিয়ে আলোচনা করেন। বোর্ডের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক এস কে রামপাল গত বোর্ড মিটিং-এ গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত এবং এর বাস্তবায়ন নিয়ে বিভিন্ন তথ্য বিস্তারিতভাবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। সভায় এছাড়াও ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের বিভিন্ন স্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*********